

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, মে ২৩, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সুরক্ষা সেবা বিভাগ

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ : ০৯ জ্যৈষ্ঠ, ১৪২৮ বঙ্গাব্দ/২৩ মে, ২০২১ খ্রিষ্টাব্দ

এস. আর. ও. নং ১১০-আইন/২০২১।—মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ (২০১৮ খ্রিষ্টাব্দের ৬৩ নং আইন)-এর ধারা ৬৮-এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

১। সংক্ষিপ্ত শিরোনাম।—(১) এই বিধিমালা ‘মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কর্মচারীদের (পোশাক ও সামগ্রী প্রাধিকার) বিধিমালা, ২০২১’ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) “কর্মকর্তা-কর্মচারী” অর্থ এই বিধিমালার উপ-বিধি ৩(১) এ বর্ণিত কর্মকর্তা-কর্মচারী;

(খ) “পরিধান” অর্থ এই বিধিমালায় অনুমোদিত পোশাক প্রাধিকারপ্রাপ্তদের বাধ্যতামূলক পরিধান, তবে গোয়েন্দা কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে ব্যতীত অন্যান্য দাপ্তরিক কার্যক্রমে এই পোশাক পরিধান প্রযোজ্য হইবে;

(গ) “পরিশিষ্ট” অর্থ এই বিধিমালার পরিশিষ্ট;

(ঘ) “তপশিল” অর্থ এই বিধিমালার তপশিল;

(ঙ) “পোশাক ও সামগ্রী” অর্থ এই বিধিমালার তপশিলে বর্ণিত পোশাক ও সামগ্রী; এবং

(চ) “প্রাধিকারপ্রাপ্ত” অর্থ এই বিধিমালার উপ-বিধি ৩(১) এ বর্ণিত কর্মকর্তা-কর্মচারী।

(৭৭৪১)

মূল্য : টাকা ১২.০০

৩। প্রযোজ্যতা।—(১) এই বিধিমালা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের নিম্নবূপ কর্মকর্তা-কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য হইবে :—

- (ক) অতিরিক্ত পরিচালক;
- (খ) উপপরিচালক;
- (গ) সহকারী পরিচালক;
- (ঘ) প্রসিকিউটর;
- (ঙ) পরিদর্শক;
- (চ) সহকারী প্রসিকিউটর;
- (ছ) উপপরিদর্শক;
- (জ) সহকারী উপপরিদর্শক;
- (ঝ) সিপাহী;
- (ঞ) ওয়্যারলেস অপারেটর; এবং
- (ট) গাড়ি চালক।

(২) প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীগণ পোশাক ও সামগ্রী বিনামূল্যে প্রাপ্য হইবেন।

(৩) উপ-বিধি (১)-এ বর্ণিত কর্মকর্তা-কর্মচারীগণ তপশিল অনুযায়ী পোশাক ও সামগ্রী প্রাপ্য হইবেন।

(৪) চতুর্থ শ্রেণির কর্মচারীগণ জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রচলিত বিধি মোতাবেক পোশাক প্রাপ্য হইবেন।

(৫) এই বিধিমালা অনুযায়ী অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের জন্য নির্ধারিত পোশাক নকল করিয়া অন্য কেউ জ্ঞাতসারে পরিধান করিলে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮-এর ধারা ৪২ (১) অনুযায়ী আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাইবে; তবে বিশেষ প্রয়োজনে সিনেমা, নাটক বা অন্যান্য সাংস্কৃতিক প্রচারণামূলক কর্মকাণ্ডে অধিদপ্তরের মহাপরিচালকের অনুমতি গ্রহণ করিয়া এই পোশাক পরিধান করা যাইবে।

৪। সংগ্রহ প্রক্রিয়া।—(১) অর্থ বৎসরের ভিত্তিতে প্রচলিত আইন ও বিধি-বিধান অনুসরণপূর্বক পোশাক ও সামগ্রী সংগ্রহের ব্যবস্থা করিতে হইবে।

(২) অধিদপ্তরের অধীন সকল কার্যালয়ের চাহিদার ভিত্তিতে পোশাক ও সামগ্রীর পরিমাণ নির্ধারণপূর্বক সংগ্রহ প্রক্রিয়া সম্পন্ন করা যাইবে, তবে প্রাধিকারপ্রাপ্ত কর্মরত মোট জনবলের দশ শতাংশের জন্য প্রয়োজনীয় পরিমাণ পোশাক ও সামগ্রীর অতিরিক্ত সংগ্রহ করা যাইবে।

৫। সরবরাহ পদ্ধতি।—(১) অধিদপ্তরে যোগদানের পর উপ-বিধি ৩(১) এ বর্ণিত কর্মকর্তা-কর্মচারীগণকে নূতন পোশাক ও সামগ্রী এবং পরবর্তীকালে অর্থ বৎসরের ভিত্তিতে পোশাক ও সামগ্রী সরবরাহ করিতে হইবে।

(২) তফসিলে উল্লিখিত পোশাক ও সামগ্রী ব্যবহার অযোগ্য হইলে অফিস প্রধানের নিকট জমা প্রদান করিতে হইবে এবং তিনি ধ্বংসের ব্যবস্থা গ্রহণ করিবেন।

৬। ক্ষয়ক্ষতিজনিত ব্যবস্থা।—(১) উপ-বিধি ৩(১) এ বর্ণিত কর্মকর্তা-কর্মচারীগণ কর্তৃক দায়িত্ব পালনকালে ব্যবহার্য পোশাক ক্ষতিগ্রস্ত হইলে প্রয়োজনীয় তদন্তের মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ করিয়া পুনরায় সরবরাহ করা যাইবে।

(২) কোনো পোশাক ও সামগ্রী হারাইয়া গেলে বা ক্ষতিগ্রস্ত হইলে তদন্ত সাপেক্ষে দায়ী কর্মকর্তা-কর্মচারীর নিকট হইতে প্রয়োজনীয় মূল্য আদায়পূর্বক সরকারি কোষাগারে জমা প্রদান করিয়া নূতন পোশাক ও সামগ্রী সরবরাহ করিতে হইবে।

(৩) পোশাক ও সামগ্রী ইস্যু করা হইয়াছে এমন কর্মকর্তা-কর্মচারী পলাতক হইলে অথবা দুর্ঘটনা বা মৃত্যুর কারণে পোশাক ও সামগ্রী পাওয়া না গেলে অফিস প্রধান কর্তৃক ঘাটতি নির্ধারণপূর্বক হারানো বিবৃতি (Loss Statement) প্রস্তুত করিয়া অবিলম্বে মহাপরিচালককে অবহিত করিতে হইবে।

৭। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের পোশাক।—মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের নিম্নের টেবিলে বর্ণিত পোশাক থাকিবে, যথা :—

টেবিল-১

| নং | পোশাক ও অন্যান্য উপাদান | বিবরণ এবং প্রযোজ্য কর্মকর্তা-কর্মচারী |
|-----|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | ব্যারেট ক্যাপ (Baret Cap) ও পিক্‌ড ক্যাপ (Peaked Cap) | বৎসরের সকল সময়ই মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অনুমোদিত মনোগ্রামসহ ব্লু ব্যারেট (Blue Baret) ক্যাপ পরিধান করিতে হইবে এবং পাশাপাশি গ্রীষ্মকালে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মনোগ্রামসংবলিত ও অনুমোদিত ব্লু ব্যারেটের সহিত পিক্‌ড ক্যাপ (Peaked Cap)-ও পরিধান করিতে পারিবে। |
| ২। | শার্ট | টার্কিশ ব্লু রঙের সেলুলার কাপড়ের তৈরি বুক খোলা ফুলহাতা শার্ট ও হাফহাতা শার্ট এবং সমান ৩"-৪" পর পর শার্টের বোতাম, ফ্ল্যাপ দেওয়া শার্টের দুইটি বুক পকেট ও শোওয়ার স্ট্রিপ থাকিবে; বুক পকেট আনুমানিক ৪"-৬" মাপের হইবে এবং শোল্ডার স্ট্রিপে ইংরেজিতে 'DNC' শব্দ-সংক্ষেপটি লাগানোর জন্য প্রতি শোল্ডারের উপর দুইটি লুপ থাকিবে। পোশাকের বাম হাতায় অধিদপ্তরের মনোগ্রামসংবলিত ডিপ সাইন (Deep Sign) সংযোজন করিতে হইবে। |

| (১) | (২) | (৩) |
|-----|-----------------------------|---|
| ৩। | প্যান্ট | ডিপ নেভি ব্লু ড্রিল কাপড়ের তৈরি ফুল প্যান্ট, ফুল প্যান্টের নিম্ন প্রান্ত না উলটাইয়া সোজা ভাঁজ থাকিবে এবং প্যান্টের পিছনের ডান দিকে একটি হিপ পকেটসহ দুই পার্শ্ব দুইটি সোজা পকেট থাকিবে; হিপ পকেট ৫" খোলা ও ৭" গভীর হইবে এবং পার্শ্ব পকেট দুইটি ৭" খোলা থাকিবে; সিপাহি হইতে উপপরিদর্শক পর্যন্ত ফুলপ্যান্টের বাম ও ডান পায়ে হাঁটু বরাবর সোজা পকেট থাকিবে এবং পকেট ৫" খোলা ও ৭" গভীর হইবে। |
| ৪। | কোমর বন্ধনী (Waist Band) | কোমর বন্ধনী (Waist Band) ১-৩/৪" হইবে এবং হুক বা বাকসহ সামনের দিকে সেলাইবিহীন দুইটি প্লিট এবং পিছনের দিকে একটি সেলাইযুক্ত প্লিট থাকিবে। ইহা ব্যতিরেকে তিনটি চোখা বেল্ট লুপ, যাহা বোতাম দ্বারা আটকানো থাকিবে। |
| ৫। | হেম | নিচের হেম ১-৩/৪" চওড়া ও বুট এবং ঝুলের মাপে ১-৩/৪" ফাঁক থাকিবে, হেম হাতের সেলাই হইবে এবং ঝুলের নিচের দিকে ১৭" হইতে ১৯" পর্যন্ত উচ্চতা-অনুযায়ী হইবে। |
| ৬। | বোতাম | কাপড়ের রঙের সহিত মানানসই বোতাম হইবে। |
| ৭। | জার্সি | শীত মৌসুমের জন্য টার্কিশ ব্লু রঙের শার্টের উপর টার্কিশ ব্লু রঙের লম্বা হাতার টার্কিশ ব্লু জার্সি এবং শোল্ডার স্ট্রিপে 'DNC' শব্দ-সংক্ষেপটি লাগানোর জন্য শোল্ডার জয়েন্টে ছিদ্র থাকিবে; জার্সির কনুইয়ের জায়গায় অতিরিক্ত টার্কিশ ব্লু রঙের কাপড়ের মানানসই পট্রি থাকিবে এবং গেজেটেড অফিসারদের জার্সিতে ৫"-৭" মাপের দুইটি পকেট থাকিবে। |
| ৮। | বেল্ট | পরিদর্শক হইতে অতিরিক্ত পরিচালক পর্যন্ত কোমরের চামড়ার বেল্ট এবং অন্যান্য সকলের জন্য নাইলনের কালো রঙের বকলেসযুক্ত বেল্ট থাকিবে এবং ধাতব (এসএস) বকলেস-এ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের লোগো থাকিবে যাহা খোদাই করিয়া বসানো হইবে। |
| ৯। | টার্কিশ ব্লু হ্যাভার সেক | সিপাহি হইতে উপপরিদর্শক পর্যন্ত কর্মচারীদের টার্কিশ ব্লু রঙের কাপড়ের তৈরি হ্যাভার সেক মানানসই মাপের হইবে। |
| ১০। | ওভারকোট | টার্কিশ ব্লু রঙের ওভারকোট যাহাতে শোল্ডার স্ট্রিপ, ডবল কাফ স্ট্যান্ড, হুক, গোল ছিদ্র ও ফুল কলার থাকিবে এবং সামনের অংশে 'DNC' খোদাই পিতলের তিনটি বড় বোতাম থাকিবে। |

| (১) | (২) | (৩) |
|-----|-------------------------------|--|
| ১১। | জুতা ও মোজা | অক্সফোর্ড নমুনার পাঁচটি আইলেটযুক্ত কালো জুতা এবং নাইলনের কালো মোজা হইবে। |
| ১২। | ব্যাজ | অ্যালুমিনিয়ামের তৈরি 'DNC' লিখিত ব্যাজ হইবে। পোশাকের ডান পকেটের উপরে ব্যাজ (Hanging Badge) সংযোজন এবং বাম পকেটের উপর প্রাপ্ত সম্মাননার ভিত্তিতে রিবন ব্যাজ (Award Badge) পরিধান করা যাইবে। |
| ১৩। | নামফলক | ডান পকেটের উপরে কালো রঙের নামফলকের মধ্যে সাদা রঙের কর্মকর্তা-কর্মচারীর নামের প্রধান অংশ থাকিবে, পাশাপাশি রঙের গ্রুপ সংযোজন করিতে হইবে (যেমন B ⁺ , O ⁻ ইত্যাদি)। কর্মকর্তা-কর্মচারীর বাংলা অক্ষরে নামের প্রধান অংশ-সম্বলিত নামফলকের নিম্নরূপ মাপ ও আকার হইবে : উপকরণ : গাঢ় কালো রঙের প্লাস্টিক শিট দৈর্ঘ্য : ৩" প্রস্থ : ৩/৪" পুরুত্ব : ১/৮" পিতলের সেফটি পিনের দৈর্ঘ্য : ২-১৬/৫" পিতলের সেফটি পিনের মাপ : ১৬ এস ডার্লিউজি হকের আকৃতি : ১৬/৩ অক্ষর : সাদা |
| ১৪। | হুইসেল ও কালো রঙের লিনিয়ার্ড | কর্মকর্তা-কর্মচারীর কালো রঙের লিনিয়ার্ডসহ হুইসেল থাকিবে। |
| ১৫। | ব্যাটন | ২½ (ফুট) দৈর্ঘ্যবিশিষ্ট বেতের ব্যাটন হইবে। |
| ১৬। | রেইনকোট | বর্ষা মৌসুমে কর্মকর্তা-কর্মচারীগণ প্রয়োজনে টার্কিশ ব্লু রঙের রেইনকোট পরিধান করিতে পারিবেন। |
| ১৭। | আনুষ্ঠানিক (Ceremonial) পোশাক | পরিদর্শক হইতে তদূর্ধ্ব পর্যায়ের কর্মকর্তাগণ রাষ্ট্রীয় অনুষ্ঠানে পরিধানের জন্য থাকি পোশাকি রং এবং অধিদপ্তরের মনোপ্রাপ্ত খচিত গরমে সামার টিউনিক (Summer Tunic) এবং শীতে উইন্টার টিউনিক (Winter Tunic) পরিধান করিবে এবং পাশাপাশি পোশাকি রঙের পিকড ক্যাপ (Peaked Cap) পরিধান করিতে হইবে। |

| (১) | (২) | (৩) |
|-----|---------------|---|
| ১৮। | রেজার এবং টাই | পরিদর্শক হইতে তদূর্ধ্ব পর্যায়ের কর্মকর্তাগণকে শীতকালে ব্যবহারের জন্য টার্কিশ ব্লু রঙের রেজার এবং টাই ব্যবহার করিতে হইবে। |

৮। মহিলা কর্মকর্তা-কর্মচারীদের পরিধান।—মহিলা কর্মকর্তা-কর্মচারীদের টার্কিশ ব্লু রঙের বুশ শার্ট, ডিপ নেভি ব্লু প্যান্ট এবং বুশ শার্টের উপরে ২" (দুই ইঞ্চি) প্রস্থের বেল্ট পরিধান করিতে হইবে।

৯। র্যাংক ব্যাজ।—কর্মকর্তা-কর্মচারীদের র্যাংক ব্যাজ টেবিল-২ অনুযায়ী হইবে, যথা :—

টেবিল-২

| ক্রমং | পদবি | র্যাংক |
|-------|------------------------------|---|
| (১) | (২) | (৩) |
| ১ | অতিরিক্ত পরিচালক | পরিশিষ্ট 'ক'-এর ১নং ক্রমিকের নমুনা-অনুযায়ী ১টি শাপলার সহিত অ্যালুমিনিয়ামের তৈরি শাপলা ফুল-সংবলিত চারকোনা-বিশিষ্ট ২টি পিপ্স ও কলার রিবন। |
| ২ | উপপরিচালক | পরিশিষ্ট 'ক'-এর ২নং ক্রমিকের ২(খ) নমুনা-অনুযায়ী ১টি শাপলা। উপপরিচালক হিসাবে ৪ বৎসরের উর্ধ্ব চাকরিকাল হইলে পরিশিষ্ট 'ক'-এর ২(ক) নং ক্রমিকের নমুনা-অনুযায়ী অ্যালুমিনিয়ামের তৈরি শাপলা ফুল-সংবলিত চারকোনাবিশিষ্ট ১টি পিপ্স ও ১টি শাপলা। |
| ৩ | সহকারী পরিচালক | পরিশিষ্ট 'ক'-এর ৩নং ক্রমিকের ৩(খ) নমুনা-অনুযায়ী অ্যালুমিনিয়ামের তৈরি শাপলা ফুল-সংবলিত চারকোনাবিশিষ্ট ২টি পিপ্স। সহকারী পরিচালক পদে ৪ বৎসরের উর্ধ্ব চাকরিকাল হইলে পরিশিষ্ট 'ক'-এর ০৩(ক) নং ক্রমিকের নমুনা-অনুযায়ী ৩টি পিপ্স। |
| ৪ | প্রসিকিউটর/পরিদর্শক | পরিশিষ্ট 'ক'-এর ৪নং ক্রমিকের নমুনা-অনুযায়ী অ্যালুমিনিয়ামের তৈরি শাপলা ফুল-সংবলিত চারকোনাবিশিষ্ট ১টি পিপ্স। |
| ৫ | সহকারী প্রসিকিউটর/উপপরিদর্শক | পরিশিষ্ট 'ক'-এর ৫নং ক্রমিকের নমুনা-অনুযায়ী অ্যালুমিনিয়ামের তৈরি শাপলা ফুল-সংবলিত চারডানাযুক্ত ২টি স্টার ও ১টি কালো রঙের রিবন। |
| ৬ | সহকারী উপপরিদর্শক | পরিশিষ্ট 'ক'-এর ৬নং ক্রমিকের নমুনা-অনুযায়ী অ্যালুমিনিয়ামের তৈরি শাপলা ফুল-সংবলিত চারডানাযুক্ত ১টি স্টার ও ১টি কালো রঙের রিবন। |

| (১) | (২) | (৩) |
|-----|-------------------------------|--|
| ৭ | ওয়্যারলেস অপারেটর/ সিপাহি | পরিশিষ্ট 'ক'-এর ৭নং ক্রমিকের নমুনা-অনুযায়ী অ্যালুমিনিয়ামের তৈরি 'DNC' লিখিত শোল্ডার স্ট্রিপ। |
| ৮ | গাড়ীচালক | পরিশিষ্ট 'ক'-এর ৮নং ক্রমিকের নমুনা-অনুযায়ী অ্যালুমিনিয়ামের তৈরি 'DNC' লিখিত শোল্ডার স্ট্রিপ ও একটি কালো রঙের রিবন। |

১০। শৃঙ্খলামূলক ব্যবস্থা।—এই বিধিমালার বিধান প্রতিপালনে ব্যর্থ হইলে তাহা অসদাচরণ বলিয়া গণ্য হইবে এবং সংশ্লিষ্টদের বিবুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এবং সরকারি কর্মচারি আচরণ বিধিমালা, ১৯৭৯ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

১১। অসুবিধা দূরীকরণ।—এই বিধিমালা কার্যকরকরণের ক্ষেত্রে কোন অসুবিধা দেখা দিলে উক্ত অসুবিধা দূরীকরণার্থে সরকার, এই বিধিমালার সহিত যতদূর সম্ভব সজ্জাতি রক্ষা করিয়া, আদেশ দ্বারা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

১২। বিধি সংশোধনের ক্ষমতা।—সরকার প্রয়োজনে এই বিধিমালা সংশোধন করিতে পারিবে।

১৩। রহিত ও হেফাজতকরণ।—(১) এই বিধিমালা কার্যকর হইবার সঙ্গে সঙ্গে, 'মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর (কর্মচারীদের পোষাক ও সামগ্রীর প্রাধিকার) বিধিমালা, ২০১৪', অতঃপর উক্ত বিধিমালা বলিয়া উল্লিখিত, এতদ্বারা রহিত করা হইল।

(২) উপ-বিধি (১) অধীন রহিতকরণ সত্ত্বেও, উক্ত বিধিমালার অধীন—

(ক) কৃত কাজকর্ম বা গৃহীত কোন ব্যবস্থা এই বিধিমালার অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে; এবং

(খ) গৃহীত কোন কার্যক্রম নিষ্পন্নাদীন থাকিলে উহা উক্ত বিধিমালার অধীন এমনভাবে নিষ্পন্ন করিতে হইবে যেন এই বিধিমালা কার্যকর হয় নাই।


তপশিল






[বিধি-২(গ) দৃষ্টব্য]





মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের পোশাক ও বস্ত্রসামগ্রী এবং প্রাধিকার

| ক্র.নং | পোশাক ও বস্ত্র সামগ্রীর নাম | প্রাধিকার | আয়ুষ্কাল | মন্তব্য |
|--------|----------------------------------|---------------|--------------|---------------------------------------|
| ১. | টার্কিশ ব্লু ফুলহাতা শার্ট | ২ (দুই) সেট | ১ (এক) বৎসর | কেবল পুরুষ কর্মকর্তা-কর্মচারীদের জন্য |
| ২. | টার্কিশ ব্লু হাফহাতা শার্ট | ২ (দুই) সেট | ২ (দুই) বৎসর | কেবল পুরুষ কর্মকর্তা-কর্মচারীদের জন্য |
| ৩. | ডিপ নেভি ব্লু ফুল প্যান্ট | ২ (দুই) সেট | ১ (এক) বৎসর | কেবল পুরুষ কর্মকর্তা-কর্মচারীদের জন্য |
| ৪. | জুতা | ২ (দুই) জোড়া | ১ (এক) বৎসর | |
| ৫. | মোজা | ৩ (তিন) জোড়া | ১ (এক) বৎসর | |
| ৬. | কোমর বন্ধনী (Waist Band) | ২ (দুই) টি | ১ (এক) বৎসর | |
| ৭. | জার্সি | ১ (এক) টি | ১ (এক) বৎসর | |
| ৮. | কালো চামড়ার বেল্ট | ২ (দুই) টি | ২ (দুই) বৎসর | |
| ৯. | নাইলন বেল্ট | ২ (দুই) টি | ১ (এক) বৎসর | |
| ১০. | টার্কিশ ব্লু হ্যাভার সেক | ১ (এক) টি | ১ (এক) বৎসর | |
| ১১. | ওভারকোট | ১ (এক) টি | ৩ (তিন) বৎসর | |
| ১২. | ব্যাঞ্জ | ১ (এক) সেট | ১ (এক) বৎসর | |
| ১৩. | নামফলক | ১ (এক) টি | ২ (দুই) বৎসর | |
| ১৪. | হুইসেল ও কালো রঙের লিনিয়ার্ড | ১ (এক) টি | ২ (দুই) বৎসর | |
| ১৫. | ব্যাটন | ১ (এক) টি | ১ (এক) বৎসর | |
| ১৬. | র্যাংক ব্যাজ | ১ (এক) সেট | ২ (দুই) বৎসর | |
| ১৭. | ব্যারেট ক্যাপ | ১ (এক) টি | ১ (এক) বৎসর | |
| ১৮. | পিকড ক্যাপ (Peaked Cap) | ১ (এক) টি | ১ (এক) বৎসর | |
| ১৯. | হ্যাংগিং ব্যাজ | ১ (এক) টি | ১ (এক) বৎসর | |

| ক্র.নং | পোশাক ও বস্ত্র সামগ্রীর নাম | প্রাধিকার | আয়ুষ্কাল | মন্তব্য |
|--------|--------------------------------------|-------------|--------------|---------------------------------------|
| ২০. | রেইনকোট | ১ (এক) টি | ১ (এক) বৎসর | |
| ২১. | বুশ শার্ট | ২ (দুই) সেট | ১ (এক) বৎসর | কেবল মহিলা কর্মকর্তা-কর্মচারীদের জন্য |
| ২২. | ডিপ নেভি ব্লু প্যান্ট | ২ (দুই) সেট | ১ (এক) বৎসর | কেবল মহিলা কর্মকর্তা-কর্মচারীদের জন্য |
| ২৩. | সেরিমোনিয়াল পোশাক (Summer Tunic) | ১ (এক) সেট | ২ (দুই) বৎসর | |
| ২৪. | সেরিমোনিয়াল পোশাক (Winter Tunic) | ১ (এক) সেট | ২ (দুই) বৎসর | |
| ২৫. | শীতকালীন ব্রেজার | ১ (এক) সেট | ২ (দুই) বৎসর | |



| পরিশিষ্ট "ক" | | |
|--------------|-------------------------------------|--|
| ক্রমিক নং | পদবী | স্বাক্ষর ব্যাজ |
| ১ | অতিরিক্ত পরিচালক |  |
| ২. (ক) | উপপরিচালক (৪ বছরের উর্ধ্বে) |  |
| ২. (খ) | উপপরিচালক |  |
| ৩. (ক) | সহকারী পরিচালক (৪ বছরের উর্ধ্বে) |  |
| ৩. (খ) | সহকারী পরিচালক |  |
| ৪ | প্রসিকিউটর / পরিদর্শক |  |

| ক্রমিক নং | পদবী | র্যাংক ব্যাজ |
|-----------|-----------------------------------|---|
| ৫ | সহকারী প্রসিকিউটর / উপপরিদর্শক |  |
| ৬ | সহকারী উপপরিদর্শক |  |
| ৭ | ওয়্যারলেস অপারেটর / সিপাহি |  |
| ৮ | গাড়ীচালক |  |

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মোকাম্মির হোসেন

সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মাকসুদা বেগম সিন্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www. bgpress. gov. bd